# দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ কসম ও নযর

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

বিভিন্ন সময়ে একাধিকবার করা কসম ভঙ্গ করলে একবার কাফফারা দিলে হবে কি?

একই কাজের জন্য একাধিকবার কসম খেয়ে তা ভঙ্গ করলে একবার কাফফারা দিলেই হবে। কিন্তু পৃথক পৃথক কাজের জন্য কসম খেয়ে ভঙ্গ করলে পৃথক পৃথক কাফফারা দিতে হবে। (ইবনে বাজ)

যেমনঃ কেউ রবিবারে বলল, 'আল্লাহর কসম আমি মামার বাড়ী যাব না।' সোমবার বলল, 'আল্লাহর কসম আমি মামার বাড়ী যাব না।' মঙ্গলবারেও বলল, 'আল্লাহর কসম আমি মামার বাড়ী যাব না।' অতঃপর বুধবারে কসম ভঙ্গ করে সে মামার বাড়ী গেল। তাকে একটি কাফফারা দিতে হবে।

কিন্তু রবিবারে বলল, 'আল্লাহর কসম আমি মামার বাড়ী যাব না।' সোমবারে বলল, 'আল্লাহর কসম আমি চাচার বাড়ী যাব না।' মঙ্গলবারে বলল, 'আলাহর কসম আমি খালার বাড়ী যাব না।' অতঃপর বুধবারে কসম ভঙ্গ করে সে সকলের বাড়ী চলে গেল। তবে প্রত্যেক কসমের বিনিময়ে পৃথক পৃথক কাফফারা আদায় করতে হবে।

অনুরূপ কেউ রবিবারে বলল, 'আল্লাহর কসম আমি মামার বাড়ী যাব না।' সোমবারে বলল, 'আল্লাহর কসম আমি চাচার বাড়ী খাব না।' মঙ্গলবারে বলল, 'আল্লাহর কসম আমি খালার বাড়ী শোব না।' অতঃপর বুধবারে সে কসম ভঙ্গ করে সেই সব কাজ করল। তাকে প্রত্যেক কসমের বিনিময়ে পৃথক পৃথক কাফফারা আদায় করতে হবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=2207

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন